গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. ভুবন চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৭ সেপ্টেম্বর ২০২১ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | রেলভবনস্থ ৯ম তলার সভাকক্ষে (কক্ষ নং-৯৩০) |

**সভার উপস্থিতি:** সভায় রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পরিকল্পনা), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (আই/এমএন্ডসিপি), রেলপথ পরিদর্শন অধিদপ্তরের সরকারি রেল পরিদর্শক, রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৪/ উন্নয়ন-২/ভূমি), সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ রেলওয়ের সিপিএলও, এসপিএলও-১ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেয়া হলো।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি রেলপথ মন্ত্রণালয়, আওতাধীন বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ২০২০-২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন মুদ্রণ বিষয়ে সকলের মনোযোগ আকর্ষণ করেন। তিনি প্রতিবেদনটি সহজবোধ্য, আকর্ষণীয়, সমৃদ্ধ, তথ্যবহুল ও আন্তর্জাতিক মানের হতে হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৪)-কে অনুরোধ জানান।

২.১। উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় সভায় জানান, রেলপথ মন্ত্রণালয় হতে প্রতি বছরই মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুতপূর্বক বই আকারে প্রকাশ করা হয়। তিনি সভায় অবহিত করেন, রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের তথ্য অধিকার বাস্তবায়ন সংক্রান্ত কর্ম-পরিকল্পনার ১.৩ মোতাবেক ২০২০-২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক ১৫.১০.২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। এ অবস্থায়, রেলপথ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সংগ্রহের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। তিনি আকর্ষণীয়, সহজপাঠ্য, সমৃদ্ধ, সহজবোধ্য ও তথ্যবহুল প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত উপস্থিত সকলকে মতামত প্রদানের আহবান জানান।

২.২। অতিরিক্ত মহাপরিচালক (আই), বাংলাদেশ রেলওয়ে বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত তথ্যাদি সমন্বয়ের নিমিত্ত সিনিয়র তথ্য কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, যুগ্মমহাপরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে এবং পুলিশ সুপার/ঢাকা, রেলওয়ে পুলিশ-কে এ কমিটিতে কো-অপ্ট করার প্রস্তাব করেন।

২.৩। এ পর্যায়ে সভাপতি বলেন, বার্ষিক প্রতিবেদনের রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অংশে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী, ভূমিকা, মিশন ও ভিশন, জনবল সংক্রান্ত সাংগঠনিক কাঠামো, ডিজিটাল রেলসেবা এবং উল্লেখযোগ্য অর্জন/ঘটনাবলী সম্বলিত হালনাগাদ তথ্যাদি থাকতে হবে। তিনি বাংলাদেশ রেলওয়ে সংশ্লিষ্ট অংশে রেলওয়ের মিশন ও ভিশন, সংক্ষিপ্ত পরিচিতি, ইতিহাস, সাংগঠনিক কাঠামো, বর্তমান অবস্থা, ২০২০-২১ অর্থবছরের বাজেট বিবরণ ও বাস্তবায়ন, গত ৫ বছরের বাজেট বিবরণ ও বাস্তবায়ন, সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত পদক্ষেপ, রেলওয়ের সক্ষমতা, রেলওয়ে মাস্টারপ্ল্যান, রেলওয়ের মাস্টারপ্ল্যানের সাথে বর্তমান সরকারের ভিশন ২০৪১-এর সামঞ্জস্যতা,

চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সমাপ্ত প্রকল্পের তথ্যাদি, নতুন প্রকল্পের তথ্যাদি ২০২০-২১ অর্থবছরে গৃহীত রেল যাত্রীদের সেবা ও সুরক্ষা এবং রেলওয়ের সম্পদ রক্ষার্থে রেলওয়ে পুলিশ ও রেলওয়ে নিরাপত্তা বাহিনীর ভূমিকা, রেলওয়ের স্বাস্থ্য সেবা, রেলওয়ে কল্যাণ ট্রাস্ট, রেলওয়ে স্কুল, ডিজিটাল রেলসেবা, রেলওয়ের গুরুত্বপূর্ণ স্থাপনা, আন্ত:দেশীয় যোগাযোগ ব্যবস্থা, কন্টেইনার কোম্পানী ইত্যাদি সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তুতকরণসহ রেলপথ পরিদর্শন অধিদপ্তরের হালনাগাদ তথ্যাদি প্রণয়ন ও সন্নিবেশনের উপর গুরুত্বারোপ করেন। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদনটি সহজবোধ্য, আকর্ষণীয়, সমৃদ্ধ ও তথ্যবহুল করণের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে এবং রেলওয়ে পুলিশ সংস্থা হতে আরো ৪(চার) জন্য কর্মকর্তাকে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত কমিটিতে কো-অপ্ট করার বিষয়ে আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে এবং রেলওয়ে পুলিশের নিম্নে বর্ণিত কর্মকর্তাকে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত কমিটিতে কো-অপ্ট করা হলোঃ<br>১. যুগ্মমহাপরিচালক (মেক), বাংলাদেশ রেলওয়ে;<br>২. পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে;<br>৩. পুলিশ সুপার/ঢাকা, রেলওয়ে পুলিশ; এবং<br>৪. সিনিয়র তথ্য কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয় | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br>৩. উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় |
| ২ | রেলপথ মন্ত্রণালয় ও আওতাধীন বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তরের তথ্যাদি আগামী ১৫(পনের) দিনের মধ্যে সংগ্রহ করে পুনরায় সভা আহবানের বিষয়ে আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার তথ্যাদি সমন্বয় করে আগামী ২৩.০৯.২০২১ তারিখের সভায় উপস্থাপন করতে হবে। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br>৩. সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর |
| ৩ | রেলপথ মন্ত্রণালয় কর্তৃক ডিজিটাল রেলসেবা সংক্রান্তে একটি প্রতিবেদন প্রস্তুতের বিষয়ে আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ডিজিটাল রেলসেবা সংক্রান্তে ICT Cell কর্তৃক একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br>৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. ভুবন চন্দ্র বিশ্বাস)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
আহবায়ক
বার্ষিক প্রতিবেদন প্রস্তুত কমিটি
রেলপথ মন্ত্রণালয়।

নং- ৫৪.০০.০০০০.০০৮.১৬.০১৩.২১-২৫৬

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

বিতরণ- (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক (আই/এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪. সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৫. যুগ্মসচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৬. প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭. যুগ্মমহাপরিচালক (মেক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন-৪/উন্নয়ন-২/ভূমি), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৯. পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১০. পুলিশ সুপার (ঢাকা), রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
১১. সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

(মীর আলমগীর হোসেন)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩১১